



...
দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
১ সেগুনবাগিচা, ঢাকা।
www.acc.org.bd



গোপনীয়

স্মারক নম্বর: ০০.০১.০০০০.৫০০.৫০.০৫৫.২০.৫৫

তারিখ: ৫ কার্তিক ১৪২৭

২১ অক্টোবর ২০২০

বিষয়: জনাব মোঃ নূরুল ইসলাম, প্রকৌশলী, প্রকল্প পরিচালক, ঢাকা ওয়াসা ও অন্যান্য কর্তৃক ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্পের ব্যয় কোন কারণ ছাড়াই বৃদ্ধি করে এবং প্রকল্পের কাজ স্পেসিফিকেশন মোতাবেক সম্পন্ন না করে পরস্পর যোগসাজশের মাধ্যমে প্রকল্পের অর্থ লুটপাট করার অভিযোগ পরিসমাপ্তি।

সূত্র: দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার নথি নং-০০.০১.০০০০.৫০২.০১.৮৩.১৭।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত কর্মকর্তার বিরুদ্ধে বিষয়ে বর্ণিত অভিযোগ অনুসন্ধানে প্রমাণিত না হওয়ায় দুর্নীতি দমন কমিশন কর্তৃক তা পরিসমাপ্ত করা হয়েছে :

জনাব মোঃ নূরুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, মিরপুর পানি সরবরাহ প্রকল্প, ঢাকা ওয়াসা, পিতা- মোঃ আব্দুস সালাম, বর্তমান ঠিকানা: বাসা নং-১২, রোড নং-১৮, ব্লক-সি, সেকশন-১০, মিরপুর, ঢাকা, স্থায়ী ঠিকানা- গ্রাম ও পো: গোনা, থানা- রাণীনগর, জেলা- নওগাঁ।

২১-১০-২০২০

মুহাম্মদ দিলোয়ার বখ্ত

সিনিয়র সচিব

ফোন: ০২-৯৩৬০১১০

ইমেইল: secretary@acc.org.bd

মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

স্মারক নম্বর: ০০.০১.০০০০.৫০০.৫০.০৫৫.২০.৫৫/১(১০)

তারিখ: ৫ কার্তিক ১৪২৭

২১ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), কাওরানবাজার, ঢাকা।
- ৩) একান্ত সচিব, চেয়ারম্যান, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
- ৪) পরিচালক (পর্যবেক্ষণ ও বিশারদ), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫) সিস্টেম এনালিস্ট (তথ্য ও প্রযুক্তি সেল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬) উপপরিচালক (দৈনিক ও সাম্প্রতিক অভিযোগ সেল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (স্মারক নং-দুদক/অভি: যাচাই-বাছাই/২০৮-২০১৭/১৪১৩৫(২) তারিখ: ২৭.০৪.১৭ খ্রি. এর সংশ্লেষে)।